দেশে ২৪ ঘণ্টায় করোনায় আরও ২৮ জনের মৃত্যু, শনাক্ত ১৭৬৪ জন

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আরও ২৮ জনের মৃত্যু, নতুন করে আরও ১৭৬৪ জনের শরীরে করোনাভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে।

আজ দুপুরে নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালক) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানান।

মেহেরপুরে ২ সপ্তাহের ব্যবধানে ৪ খুন

মেহেরপুর জেলায় গত ২ সপ্তার ব্যবধানে ৪ জনকে হত্যার ঘটনা ঘটেছে। এর মধ্যে গাংনী উপজেলায় তিনটি ও মেহেরপুর সদরে একটি। পরকিয়া ও জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরেই এইসব হত্যার ঘটনা ঘটেছে।

গত ১৯ মে মেহেরপুর সরদ উপজেলার পুরাতন দরবেশপুর গ্রামের শাহাজাহান এর ছেলে সুজন হত্যার ঘটনা ঘটে। পরিবারের অভিযোগ ছিল চাচাতো ভাবি শিরিনা খাতুনের সাথে অবৈধ সম্পর্কের কারনে খুন হয় সুজন। এ ঘটনায় ভাবি শিরিনা ও সুজনের বউ কাকলিকে প্রাথমিক জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ আটক করে। জিজ্ঞাসাবাদ শেষে কাকলিকে ছেড়ে দেওয়া হলেও শিরিনা খাতুন রয়েছে জেল হাজতে ।

গত ১৬ মে গাংনী উপজেলার কাজিপুরে লিচু বাগান দখল করাকে কেন্দ্র করে উভয় পক্ষের ২জনকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করা হয়। মৃতরা হলেন ইসমত কবির ডাবলু ও অপর পক্ষের সানারুল। এঘটনায় নিহত ইসমত কবির ডাবলুর মা ইসলামা খাতুন বাদি হয়ে গাংনী থানায় ১০ জন নামীয় ও অজ্ঞাত আরও ২-৩ জনের নামে অভিযোগ দায়ের করেন। অপরদিকে নিহত সানারুলের স্ত্রী রশিদা বেগম বাদি হয়ে ২ জনকে আসামী করে একই

থানায় অভিযোগ দায়ের করেন। তবে এ খুনের ঘটনায় এখনো পর্যন্ত কেউ আটক হয়নি।

গত ২৮ মে গাংনীর বামুন্দির একটি বাসা থেকে সুন্দরী নামের এক পরিছন্নকর্মির অর্ধগলিত লাশ উদ্ধার করে পুলিশ। সেই সাথে একই বাড়ি থেকে সুন্দরীর স্বামী রুস্তম আলীকে আহত অবস্থায় উদ্ধার করা হয়। ঘটনার ৪৮ ঘন্টা পার হলেও এখনো রহস্য উদঘাটন করতে সক্ষম হয়নি পুলিশ। নিহত সুন্দীরর মামা বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা অভিযোগ দায়ের করেছে বলে জানান ওসি ওবাইদুর রহমান।

এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম বলেন, মেহেরপুরে যেসব খুনের ঘটনা ঘটেছে সেটা মূলত সামাজিক অস্থিরতার কারনে। পারিবারিক ও জমিজমা সংক্রন্ত বিষয়ের জের ধরেই এই খুনগুলো হয়েছে। গাংনীর বামুন্দিতে যে লাশ উদ্ধার হয়েছে সেটি বাদে অন্য খুনের রহস্য সবারই জানা আছে। এজন্য আসামীরা আত্মগোপন করে আছে। তবে আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি বামুন্দি খুনের রহস্য উদঘাটন ও অন্য খুনের সাথে জড়িত আসামীদের দ্রæত আটক করে আইনের আওতায় আনা হবে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের আশরাফপুরে অজ্ঞাত মহিলার লাশ উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের মানুসিক ভারসাম্যহীন এক অজ্ঞাত মহিলার লাশ উদ্ধার করেছে পুলিশ। শনিবার দুপুরের দিকে আশরাফপুর কারখানা পাড়ার বুরহান উদ্দিনের বাড়ির পরিত্যক্ত ঘর থেকে তার লাশটি উদ্ধার করা হয়। পরে ময়না তদন্ত করার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।
আশরাফপুর স্থানীয় ইউপি সদস্য ফিরাতুল ইসলাম ভোলা জানান, গত কয়েকদিন ধরে অজ্ঞাত পরিচয়ে এক মহিলা আমাদের গ্রামে ঘোরঘুরি করছিল। খোঁজ নিয়ে জানতে পারি সে মানুসিক ভারসাম্যহীন। শনিবার সকালে বুরহান উদ্দিন এর বাড়ির নিচ তলায় তাকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখে পুলিশে খবর দিই।

মেহেরপুর সদর থানায় এসআই আহসান হাবিব জানান, মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে অজ্ঞাত এক মহিলার লাশ পড়ে আছে এমন সংবাদের ভিত্তিতে আমরা সেখানে যায়। পরে স্বাথ্যবিধি মেনে লাশটি উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। যেহেতু মৃত মহিলার কোন পরিচয় পাওয়া যায়নি তাই ময়না তদন্ত শেষে আশরাফপুর গ্রামেই তাকে দাফন করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিকে বলা হয়েছে।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে পৃথক অভিযানে ৩ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে পৃথক অভিযান চালিয়ে হেরোইন ও ফেন্সিডিল সহ ৩ জন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

শুক্রবার বিকালে এস আই মোহাম্মদ মেজবাউর রহমান এর নেতৃত্বে অভিযান চালিয়ে মেহেরপুর শহরের কোটপাড়া থেকে অপূ সাহা (২৪) ও শাহীন নামের ২ মাদক ব্যবসায়ীকে ২০ গ্রাম হেরোইনসহ আটক করা হয়। আটক অপূ সাহা শহরের স্টেডিয়ামপাড়ার মৃত অশোক সাহার ছেলে ও শাহীন একই পাড়ার বাবর আলীর ছেলে।

অপরদিকে একইদিনে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনী থানার করমদি এলাকা থেকে আট বোতল ফেনসিডিলসহ আরিফুল ইসলাম নামের আরও এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। আটক আরিফুল ইসলাম করমদি বাজারপাড়ার মৃত আলতাফ হোসেন এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত ওসি জুলফিকার জানান, শুক্রবার মেহেরপুর সদর ও গাংনী উপজেলার করমদী গ্রামে অভিযান চালিয়ে ৩ মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় ও গাংনী থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে নতুন করে ৪ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে গাংনীতে নতুন করে ৪ জন করোনায় আক্রান্ত হয়েছে। শুক্রবার সন্ধ্যায় এ বিষয়টি নিশ্চিত করেছেন সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন। আক্রান্তদের মধ্যে ৩জন পুরুষ ও ১জন নারী রয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান,সাহারবাটি গ্রামের রিয়াজুদ্দীন (৬৫),একই গ্রামের কাবিরুল ইসলাম (২৪),গোপালনগরের আশিক এলাহি (৩৬) ও হিজলবাড়িয়া গ্রামের বানুয়ারা খাতুন (৩৮) করোনায় আক্রান্ত হয়েছে।

তিনি আরো জানান, আক্রান্ত ব্যক্তিরা সহ তাদের বাড়ির পার্শবর্তী ১০ টি লকডাউন করা হবে। এছাড়া আক্রান্ত ব্যাক্তিদের তাদের নিজ বাড়ি থেকেই চিকিৎসাধীন থাকবেন।

সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, গতকাল বৃহস্পতিবার ১৯ জনের নমুনা কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হয় সেখান থেকে করোনায় পজেটিভ বলে নিশ্চিত করেন। উল্লেখ্য: মেহেরপুর জেলায় এ পর্যন্ত ১৮ জন আক্রান্ত হয়েছে। এর মধ্যে ৫জন সুস্থ্য ও ১জন মৃত্যু বরণ করেছেন।

মেপ্র/এমএফআর

দেশে ২৪ ঘণ্টায় রেকর্ড ২৫২৩

জনের শনাক্ত আরও ২৩ জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় রেকর্ড ২৫২৩ জনের করোনা শনাক্ত হয়েছে। দেশে গত ২৪ ঘণ্টায় করোনায় আরও ২৩ জনের মৃত্যু
আরও ২৩ জনের মৃত্যু হয়েছে। আজ শুক্রবার দুপুরে স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালক) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানান।

ঝিনাইদহে সদর হাসপাতালে চিকিৎসা অবহেলায় রোগীর মৃত্যু

ঝিনাইদহে সদর হাসপাতালে ভর্তির পরও চিকিৎসা অবহেলায় হারুন অর রশিদ (৭৫) নামে এক বৃদ্ধ রোগীর মৃত্যু হয়েছে। ওই বৃদ্ধর বাড়ি নাটোর জেলায় বলে জানা গেছে। বর্তমানে তার মৃতদেহটি সদর হাসপাতাল মর্গ হাউজে রাখা হয়েছে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাত ১০টার দিকে পেয়িং ওয়ার্ডে।

জানা গেছে, ১মাস রোজা করায় হারুন অর রশীদের শারীরিক অসুস্থতা দেখা দেয়। এরপর ডাক্তার দেখানোর জন্য তিনি বৃহস্পতিবার বিকাল ৫টার দিকে সদর হাসপাতালের জরুরি ওয়ার্ডে যান। এসময় ডাক্তার আব্দুল্লাহ তাকে দেখে পেয়িং ওয়ার্ডের ৪নং বেডে ভর্তি করান। ওই সময় ডিউটিরত নাজিরা,তহুরা নামে দুইজন নার্স ও ওয়ার্ডবয় রোকন তার কাছে বেড ভাড়া বাবদ ২০০টাকা দাবী করে। টাকা দিতে না পারায় তাকে কোন চিকিৎসা দেওয়া হয়নি বলে পাশে ভর্তিরত রোগীর স্বজনরা জানান। দীর্ঘ ৫ঘন্টা চিকিৎসা না পেয়ে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে রাত ১০টার দিকে সে মারা যায়।

তবে রোগীর কাছে ২০০টাকা দাবী করার বিষয়টি অস্বীকার করে নার্স নাজিরা ও তহুরা জানান,জরুরি বিভাগের ওয়ার্ডবয় রোগীটি আমাদের

কাছে বুঝে দেয়নি। সে কারনে তাকে আমরা চিকিৎসা দিতে পারেনি।

এব্যাপারে সদর হাসপাতালের তত্বধায়ক ডা: আয়ুব হোসেন জানান,আমার ডিউটি আড়াইটা পর্যন্ত একারনে বিষয়টি জানা নেই। তবে বিষয়টি জানলাম আমি খোজ নিয়ে দেখবো।

মেহেরপুরে করোনা উপসর্গে ঢাকা ফেরৎ একজনের মৃত্যু

মেহেরপুরে করোনা উপসর্গ নিয়ে বারিউজ্জামান লিটু (৫২) নামে ঢাকা ফেরৎ একজনের মৃত্যু হয়েছে। তিনি সদর উপজেলার কোলা গ্রামের তাহের আলীর ছেলে। তিনি ঈদের আগের দিন ঢাকা থেকে মেহেরপুরের নিজ বাড়িতে আসেন। এর পর থেকেই জ্বরে আক্রান্ত হন।

আজ শুক্রবার সকালে মেহেরপুর জেনারেল হাসপাতালের করোনা আইসোলেশন ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। গত বুধবার তিনি জ্বর, ঠান্ডা ও কাশি নিয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হন। সেখানে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে গেলে গতকাল বৃহস্পতিবার তাকে পুনরায় হাসপাতালে ভর্তি করা হয়।

মেহেরপুরে জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল কর্মকর্তা ডা। মোখলেসুর রহমান এ তথ্য জানান।

তিনি জানান, গতকাল বৃহস্পতিবার তার নমুনা সংগ্রহ করে পিসিআর ল্যাবে পাঠানো হয়েছে। যেহেতু করোনা উপসর্গ নিয়ে আইসোলেশনে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন সে হিসেবে করোনা আক্রান্ত লাশ হিসেবে স্বাস্থ্য বিধি মেনে দাফনের প্রস্তুতি নেওয়া হচ্ছে।

মেহেরপুরের গাংনীতে ঝুলন্তাবস্থায় যুবকের লাশ উদ্ধার

মেহেরপুর জেলার গাংনী উপজেলার নিশিপুর গ্রামে টকোন মিয়া (২০) নামে এক যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ।

নিহত টকোন নিশিপুর গ্রামের ইফার আলীর ছেলে বুধবার দিবাগত ভোররাতে নিজ ঘর থেকে তার লাশ উদ্ধার করা হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যার আগে টকোন তার শ্বশুরবাড়ি থেকে নিজ বাড়িতে ফিরে আসে, কারো সাথে কোন কথা না বলে তার ঘরে শুয়ে পড়ে টোকন।

বৃহস্পতিবার সকালে ঘুম থেকে না ওঠাই নিকট আত্মীয়রা ঘর খুলে দেখে যে সে তার নিজ ঘরের আড়ার সাথে গলায় ফাস নিয়ে ঝুলে আছে। গাংনী থানার ওসি ওবাইদুর রহমান লাশ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করে বলেন, পারিবারিক কলহের জেরেই আত্মহত্যা করেছে বলে প্রাথমিক ধারনা।

মেহেরপুরের গাংনীতে পরিত্যক্ত বাড়ি থেকে মৃত স্ত্রী ও আহত স্বামী উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার বামুুন্দি বাজার পাড়ায় সুন্দরী খাতুন
(৪০) নামের এক গৃহবধুর অর্ধগলিত লাশ উদ্ধার করেছে পুলিশ। ঘর থেকে অাহত অবস্থায় উদ্ধার করা হয়েছে স্বামী রুস্তম আলীকে। বৃহস্পবিার বেলা ১২ টার সময় সুন্দরী খাতুনের নিজ বাড়ি থেকে লাশ উদ্ধার করা হয়। সুন্দরী খাতুন বামুন্দি গ্রামের রুস্তম আলীর স্ত্রী।

আহত অবস্থায় স্বামী রুস্তুম আলী কে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে । পুলিশ ও স্থানীয়রা জানায়, বৃহস্পতিবার সকাল থেকে রুস্তমের বাড়ি থেকে পচা

দুর্ঘন্ধ বের হয়। বেলা বাড়ার সাথে সাথে দুর্গন্ধ বাড়তে থাকে।

স্থানীয়রা দুর্গন্ধ পেয়ে গাংনী থানা পুলিশকে খরব দেয়। খবর পেয়ে পুলিশ রুস্তমের বাড়িতে গিয়ে ঘরের দরজায় তালা বদ্ধ অবস্থায় দেখে । গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে। এসময় স্বামী রুস্তম আলীকে মারাত্মক আহত আবস্থায় উদ্ধার করা হয়েছে। পরে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মেহেরপুর মর্গে পাঠিয়েছে পুলিশ। মেহেরপুর পুলিশের এসপি সার্কেল মুস্তাফিজুর রহমান ঘটনা স্থল পরিদর্শন করেন ।

গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম এসময় উপস্থিত ছিলেন। পুলিশ আরো জানায়, বামুন্দির সাইদুর রহমান টেবুর বেশ কয়েকটি পরিত্যাক্ত বাড়ির মধ্যেকার একটি বাড়ি ভাড়া নিয়ে বসবাস করতেন স্বামী স্ত্রী দু’জনে। বামুন্দি বাজার ঝাড়– দেবার কাজ করে তাদের সংসার চলতো। ঈদের পর তারা আর ঘর থেকে তাদেরকে বাহিরে দেখতে পাইনি কেউ।

রুস্তমের ছেলে ভ্যান চালক শফিরুল ইসলাম বামুন্দিতে অন্য একটি পাড়ায় আলাদা বসবাস করেন। শফিরুল ইসলাম ঈদের দিন তার বাবা মায়ের সাথে খাওয়া দাওয়া করেন বলে জানান শফিরুল। তার পরে আর খোঁজ নেইনি বাবা মায়ের।

ওসি ওবাইদুর রহমান জানায়, মহিলার লাশ ঘরের ভিতর মেঝেতে পড়ে ছিল। লাশ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। তবে এ ব্যাপারে এখন কিছুই বলা যাচ্ছেনা। তদন্ত চলছে বিস্তারিত পরে জানানো হবে।